# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭১৭

৩. যাকাত অধ্যায় (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৩৮. আত্মীয়-স্বজনদেরকে যাকাত দেওয়া

بَاب الصَّدَقَةِ عَلَى الْقَرَابَةِ

## আরবী

أَخْبَرَنَا أَبُو حَاتِمٍ الْبَصْرِيُّ حَدَّثَنَا ابْنُ عَوْنٍ عَنْ حَفْصَةَ بِنْتِ سِيرِينَ عَنْ أُمِّ الرَّائِحِ بِنْتِ صُلَيْعٍ عَنْ سَلْمَانَ بْنِ عَامِرٍ الضَّبِّيِّ ذَكَرَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الصَّدَقَةَ عَلَى الْمِسْكِينِ صَدَقَةٌ وَإِنَّهَا عَلَى ذِي الرَّحِمِ اثْنَتَانِ صَدَقَةٌ وَصِلَةٌ

## বাংলা

১৭১৭. সালমান ইবনু আমির আয যবী রাদ্বিয়াল্লাহু আনহু বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু ’আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “মিসকীনদেরকে দান –খয়রাত করা শুধুমাত্র একটি (সাধারণ) দান বলেই গণ্য হয়; কিন্তু আত্মীয় –স্বজনকে দান করলে তাতে দু’টি (সাওয়াব) হয়: (সাধারণ) দান এবং আত্মীয়তা রক্ষা (এর সাওয়াব) হয়।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ জাইয়্যেদ বা উত্তম।

তাখরীজ: আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৩৪৪; মাওয়ারিদুয যাম’আন নং ৮৩৩ ও মুসনাদুল হুমাইদী নং ৮৪৪ তে। ((তিরমিযী ৬৫৮; ইবনু মাজাহ, যাকাত ১৮৪৪; নাসাঈ, যাকাত বা ৮২; আহমাদ ৪/১৭-১৮; আলবানী সহীহুল জামি’ ৩/২৬৩ এ বলেন: সহীহ।’- ফাওয়ায আহমেদের তাহক্বীককৃত দারেমী নং ১৬৮০ এর টীকা হতে।–অনুবাদক))

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ সালমান ইবনু ‘আমির আয্ যব্বী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82000

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন